

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-৮ (ভোকেশনাল-৩)  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯২.৩১.০১৭.১৩- ৬৬০


তারিখ : ১৮/০৪/২০১৭খ্রিঃ

বিষয় : রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন শ্রীপুর রামনগর টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ এর ২০১৬-১৭ অর্থ বছরে এম.পি.ও ভুক্ত শিক্ষক কর্মচারীদের তথ্যাদি যাচাইয়ের লক্ষ্যে শুনানী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে তাঁর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন শ্রীপুর রামনগর টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ এর ২০১৬-১৭ অর্থ বছরে এম.পি.ও ভুক্ত শিক্ষক কর্মচারীদের তথ্যাদি যাচাইয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদি যাচাই করা প্রয়োজন।

- ১। নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের জাতীয় ও স্থানীয় পত্রিকার কপি।
- ২। নিয়োগ সংক্রান্ত রেজুলেশন (শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের, নিয়োগ বাছাই পরীক্ষার নিয়োগপত্র ও যোগদানপত্র অনুমোদনের প্রমাণক)।
- ৩। নিয়োগ পত্র, যোগদানপত্র, টেবুলেশন শীট।
- ৪। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, প্রশিক্ষণ সনদ ও নিবন্ধন সনদ(প্রযোজ্য ক্ষেত্রে)।
- ৫। মন্ত্রণালয় কর্তৃক এম.পি.ও আদেশ।
- ৬। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক ট্রেড/স্পেশালাইজেশন অ্যাফিলিয়েশন, হালনাগাদ স্বীকৃতি নবায়ন এর প্রমাণক।
- ৭। নিয়োগকালীন এবং হালনাগাদ ম্যানেজিং কমিটির প্রমাণক।
- ৮। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ছাত্র/ছাত্রীদের সমাপনী পরীক্ষার প্রকাশিত ফলাফল শীট।
- ৯। নাম, পদবী, বিষয় উল্লেখ পূর্বক কর্মরত জনবলের তালিকা।
- ১০। ২০১৬-১৭ অর্থ বছরের এম.পি.ও শীট, বেতন বিলের কপি ও হাজিরা শীট।
- ১১। অতিরিক্ত শিক্ষক কর্মচারীদের নাম কর্তনের আবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)।

এমতাবস্থায়, বর্ণিত কাগজপত্রাদির মূলকপি এবং উহার একসেট ফটোকপিসহ (সত্যায়িত) প্রতিষ্ঠান প্রধান এবং ২০১৬-১৭ অর্থ বছরে এম.পি.ও ভুক্ত শিক্ষক কর্মচারীবৃন্দসহ আগামী ১৯/০৪/২০১৭খ্রিঃ তারিখ বিকাল ৩:০০ ঘটিকার সময় অত্র দপ্তরে উপস্থিত থেকে কাগজপত্রাদি যাচাই কাজে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো।

  
ড. মোঃ নুরুল ইসলাম  
পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক :

অধ্যক্ষ

শ্রীপুর রামনগর টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ  
বাগমারা, রাজশাহী।

অনুলিপি :

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, রাজশাহী জেলা।
- ৪। উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
- ৬। সভাপতি, শ্রীপুর রামনগর টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, বাগমারা, রাজশাহী।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।